


যুগান্তর

চলতি মাসেই নিজস্ব ক্যাম্পাসে যাচ্ছে ইউআইটিএস

প্রকাশ : ১৮ জুনাই ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত



এ মাসেই ঢাকার বারিধারায় নিজস্ব ক্যাম্পাসে যাত্রা শুরু করতে যাচ্ছে বেসরকারি বিশ্ববিদ্যালয় ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্স-ইউআইটিএস। ২১৩ কোটি টাকা ব্যয়ে নিজস্ব জমি কিনে এবং ৯৬ কোটি টাকা ব্যয়ে এই ক্যাম্পাস প্রতিষ্ঠা করা হয়েছে। এ মাসের শেষ সপ্তাহ থেকে পুরোদমে স্থায়ী ক্যাম্পাসেই সব কার্যক্রম শুরু হবে বলে জানিয়েছে ইউআইটিএস কর্তৃপক্ষ। এদিকে বিগত ১৫ বছরে ১৬টি প্রোগ্রামে ১৬ হাজার প্র্যাজুয়েট সফলতার সঙ্গে বের হয়েছে ইউআইটিএস থেকে। তারা শিক্ষা জীবন শেষ করে দেশ-বিদেশে মর্যাদাপূর্ণ কর্মজীবনে আর্থনিয়োগ করেছেন। ইতিমধ্যে প্রায় ৫০ জন ইউআইটিএস প্র্যাজুয়েট, আমেরিকা, ইউরোপ ও এশিয়ার বিভিন্ন দেশের বৃত্তি নিয়ে মাস্টার্স, এমফিল ও পিএইচডি প্রোগ্রামে অধ্যয়ন করেছেন। এসব তথ্য জানিয়ে ইউআইটিএস প্রতিষ্ঠার বিষয়ে এই বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান সুফী মোহাম্মদ মিজানুর রহমান বুধবার যুগান্তরকে বলেন, শিক্ষার্থীদের সুশিক্ষা, বিনয়ী ও কর্ম উদ্যোগী হিসেবে তৈরি করে প্রকৃত মানবসম্পদ গড়ে তেলার লক্ষ্যে এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।